# ডা. এ আর খান ফাউন্ডেশন

"মানুষ মানুষের কল্যাণে"

Reg: S-12078

প্রধান কার্যালয় ঃ ৭/এ, সোবাহানবাগ, শের-ই-বাংলানগর, ঢাকা -১২০৭।

ফোনঃ ০২-৫৮১৫৭৫৬৯; ০২-৯১৩৪১৭৯ ফ্যাক্সঃ ০২-৯১১৭৭৬৮ মোবাইল ঃ ০১৯১২০২৪৬৪৮; ০১৮১৭০১৪৫৪০; ০১৭৪৩৯৬৬৭৯৬

ই- মেইলঃ drarkhcf@gmail.com; info@drarkf.org; ওয়েবঃ www.drarkf.org


বিসমিল্লাহির রাহমানির রাহিম

সমস্ত প্রশংসা মহান রাব্বুল আ'লামীনের জন্য যিনি আমাদেরকে সুন্দর করে সৃষ্টি করে যথাযথ বিবেক বুদ্ধিসহকারে সুস্থ সুন্দর একটি কর্মময় জীবন দান করছেন এবং আজকের ডা. এ আর খান ফাউন্ডেশন এর ৮ম বর্ষে পদার্পন উপলক্ষে সাধারণ সভায় উপস্থিত হবার সুযোগ দিয়েছেন।
দরুদ ও সালাম পেশ করছি বিশ্বের সর্বশ্রেষ্ঠ সংগঠক, মানবতাকে উত্তম নিয়মশৃঙ্খলায় পরিচালনার প্রশিক্ষক, মানবতার মুক্তির পথপ্রদর্শক সাইয়েদুল মুরসালিন হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম এর প্রতি।

উপস্থিত ডা. এর আর খান ফাউন্ডেশনের সম্মানিত সভাপতি সর্বোচ্চ পরিষদ, সম্মানিত সদস্যবৃন্দ, আসসালামু আ'লাইকুম ওয়া রাহমাতুল্লাহ। ডা. এ আর খান ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত এই ৮ম বর্ষে পদার্পন উপলক্ষে সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য আপনাদের সবাইকে স্বাগত জানিয়ে আমি ডা. এ আর খান ফাউন্ডেশন এর বার্ষিক ( ফেব্রুয়ারী ২০১৬-জুন ২০১৭ ইং) প্রতিবেদন উপস্থাপন করছি। ফাউন্ডেশনের সর্বোচ্চ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করছি, যাদের অক্লান্ত পরিশ্রমে ও নিষ্ঠায় আজ আমরা এতদুর আসতে পেরেছি। আমি আন্তরিক মোবারকবাদ জানাই সে সকল ত্যাগী সেচ্ছাসেবীদের বিভিন্ন সময় ফাউন্ডেশন কর্তৃক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে যাদের সার্বিক সহযোগিতায় ও শ্রমে সার্থক হয়েছে আজকের এ সভা। এ সভায় যে সকল সম্মানিত ব্যক্তি ও প্রতিষ্ঠান অংশগ্রহন ও আর্থিক সাহায্য করেছে তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সম্মানিত সদস্যবৃন্দ,
২০১০ সালের আজকের এই দিনে কয়েকজন চিন্তাশীল ত্যাগী মানুষের প্রচেষ্টায় রুগ্ন, দরিদ্র, অসহায় মানুষ সহ বাংলাদেশ সরকারের টেকসই লক্ষমাত্রা অর্জনে ভূমিকা রাখার সংকল্পে যাত্রা শুরু হয়েছিল ডা. এ আর খান ফাউন্ডেশন এর। বাংলাদেশ সরকারের কাছ থেকে আমরা আমাদের প্রচেষ্টার চূড়ান্ত অনুমোদন পাই ২০১৫ সালে। এই দীর্ঘ পাঁচটি বছর ডা. এ আর খান স্যারের বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান ক্যাম্পিং ছাড়া তেমন কোন উল্লেখযোগ্য কার্যক্রম আমরা বাস্তবায়ন করতে পারিনি। ২০১৬ ইং সালের ফেব্রুয়ারীতে সম্মানিত চেয়ারম্যান স্যারের নির্দেশে অনুষ্ঠিত সাধারণ সভায় সদস্যদের প্রত্যক্ষ ভোটে দুইটি পরিষদ গঠন করা হয়। যাদের প্রচেষ্টায় এই ফাউন্ডেশনটি যাত্রা শুরু করেছে, সেই সকল ত্যাগী, চিন্তাশীল সদস্যদেরকে নিয়ে সর্বোচ্চ পরিষদ ও প্রতি বছর পরিকল্পনা বাস্তবায়নের জন্য ০১ (এক) বছর মেয়াদী কার্যকরী পরিষদ গঠন করা হয় যার সদস্যগন সাধারণ সদস্যদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত ও দায়িত্ব পালন করে থাকেন। যদিও ফাউন্ডেশনের কার্যক্রমকে বেগবান করার জন্য অনেকগুলি বাস্তব সম্মত পরিকল্পনা গ্রহণ করা হয়ছিল, কিন্তু সকলের যথাযথ আগ্রহ ও প্রচেষ্টা থাকা সত্বেও সেচ্ছাসেবক ও আর্থিক সংকটের কারনে অনেকগুলি কর্মসূচি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। যে কর্মসূচী বাস্তবায়ন হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলোঃ (১) বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে বিনামূলে ডায়াবেটিস পরীক্ষা, সচেতনতামূলক লিফলেট প্রদান ও মাস্ক প্রদান। (২) বিশ্ব পানি দিবস উপলক্ষে পরিস্কার পানির গুরুত্ব জনসাধারণকে হাতে কলমে বোঝানো। (৩) বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবসে কর্মজীবী শিশুদেরকে শিক্ষা উপকরণ বিনামূল্যে বিতরণ, অভিভাবকদেরকে শিক্ষার গুরুত্ব সম্পর্কে হাতে কলমে শিক্ষা প্রদান। (৪) বিশ্ব ইজতেমা উপলক্ষে ১০ (দশ) দিন ব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান। (৫) অসহায় শীতার্ত মানুষদের পাশে দাড়ানোর লক্ষে দরিদ্র মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ। (৬) ডা. এ আর খান ফাউন্ডেশন এর গঠনতন্ত্রে ব্যাংক ব্যবস্থা প্রর্বর্তন ও কর্তৃপক্ষ হতে অনুমোদন প্রাপ্তি। (৭) সদস্য সংখ্যা (সাধারণ সদস্য, আজীবন সদস্য, দাতা সদস্য) ১১ (এগার) হতে ৫০ (পঞ্চাশ) জনে উন্নীত ইত্যাদি, যা সেচ্ছাসেবী সহ সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টার ফসল।

আর একটি বিষয় উল্লেখ না করলেই নয়, ডা. এ আর খান ফাউন্ডেশনের সদস্যদের মান উন্নয়নের লক্ষে আমরা ফাউন্ডেশনের পক্ষ থেকে বিভিন্ন জাতীয় সংস্থাসমূহে যোগাযোগ অব্যাহত রাখছি যেন যে কোন ধরণের মানউন্নয়ণমূলক প্রশিক্ষণে আমাদের সম্মানিত সদস্যদেরকে প্রশিক্ষণ প্রদান করা যায়, যা গ্রহণ করে নিজের আর্থ-সামাজিক উন্নতি সহ প্রশিক্ষণ গ্রহনার্থী সমাজকর্মে ভূমিকা পালন করতে পারে।

প্রিয় সেচ্ছাসেবকবৃন্দ
ডা. এ আর খান ফাউন্ডেশনের সদস্য সহ অসহায়, দুস্থঃ, রুগ্ন মানুষের দোরগোড়ায় চিকিৎসা সেবা সহ বিভিন্ন ধরনের সেবা প্রদান ও মানুষের অধিকার নিশ্চিত করার লক্ষে আমরা কাজ শুরু করেছি। এরই ধারাবাহিকতায় ডা. এ আর খান ফাউন্ডেশনের সম্মানিত চেয়ারম্যান, প্রখ্যাত স্বনামধন্য, সফল হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানী, লেখক ও চিকিৎসক জনাব ডা. এ আর খান স্যারের দ্বারা ডায়াবেটিস এর সচেতনতা ও নিয়ন্ত্রণের লক্ষে একটি "এসেন্স ডায়াবেটিস নির্দেশিকা" নামক গ্রন্থ প্রকাশ করতে যাচ্ছি যেন, ডায়াবেটিস এ আক্রান্ত ব্যক্তি ও সচেতন ব্যক্তি এই নির্দেশিকাটি মেনে ডায়াবেটিস থেকে নিজেকে নিয়ন্ত্রণ করতে পারে। এছাড়াও আমরা বিভিন্ন জেলায় সচেতনতা মূলক অনুষ্ঠান করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে স্বাস্থ্য অধিদপ্তর হতে অনুমোদন এর আবেদন করেছি। এই অনুমোদন পেলে ডা. এ আর খান ফাউন্ডেশনের সদস্যবৃন্দ সমাজকর্মে আরও বেশি ভূমিকা পালন করতে পারবে বলে আমরা মনে করি।

# ডা. এ আর খান ফাউন্ডেশন

"মানুষ মানুষের কল্যাণে"

Reg: S-12078

প্রধান কার্যালয় ঃ ৭/এ, সোবাহানবাগ, শের-ই-বাংলানগর, ঢাকা -১২০৭।

ফোনঃ ০২-৫৮১৫৭৫৬৯; ০২-৯১৩৪১৭৯ ফ্যাক্সঃ ০২-৯১১৭৭৬৮ মোবাইল ঃ ০১৯১২০২৪৬৪৮; ০১৮১৭০১৪৫৪০; ০১৭৪৩৯৬৬৭৯৬

ই- মেইলঃ drarkhcf@gmail.com; info@drarkf.org; ওয়েবঃ www.drarkf.org


সম্মানিত  সদস্যবৃন্দ

আপনাদের নিরলস প্রচেষ্টায় ডা. এ আর খান ফাউন্ডেশনের কর্মসূচী অনেক বৃদ্ধি পেয়েছে। এই স্বল্প সময়ে অনেক বাধা বিপত্তি ও সীমাবদ্ধতার মধ্যেও অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে যারা ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নের নিরলস প্রয়াস চালিয়েছেন তাদের কাছে আমরা চীরঋণী। মহান রাব্বুল আ'লামীন তাদেরকে উত্তম প্রতিদান দান করুন। দেশের জনসাধারনের চাহিদা অনুযায়ী হয়ত এখনই আমরা সকলকে সেবা প্রদান করতে পারব না, তবে অদূর ভবিষ্যতে এই প্রতিষ্ঠানটি দেশের সকল মানুষ সহ বিশ্বের সকলের কাছে সেবা নিয়ে উপস্থিত হবে এটাই আমাদের প্রত্যাশা।

আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ডা. এ আর খান স্যারের, যিনি ফাউন্ডেশনের কর্মসূচী বাস্তবায়নের জন্য বিভিন্ন সময় আর্থিক সহায়তা, বুদ্ধিবৃত্তিক পরামর্শ ও উৎসাহ পেয়েছি। ধন্যবাদ দিতে চাই আমাদের এই দীর্ঘ ১ বছর ৫ মাসের মধ্যে পূর্ণ ১ বছর দায়িত্ব পালনকারী কার্যনির্বাহী পরিষদের সভাপতি ড. শুভময় দত্ত স্যারকে। নানা ব্যস্ততার মাঝেও তিনি ফাউন্ডেশনের কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য যথাসাধ্য প্রচেষ্ট চালিয়েছেন। আরও ধন্যবাদ  মোঃ সোহেল রানা স্যারকে, নানান ব্যস্ততার মাঝেও তিনি কোষাধ্যক্ষ হিসেবে যথাযথ ভাবে হিসাব-নিকাশ ও ব্যাংক লেনদেন ঠিকমত করেছেন।

ডা. এ আর খান ফাউন্ডেশন এর গঠনতন্ত্রের ধারাবাহিকতা রক্ষা করার জন্য বর্তমান কমিটির বছর পূর্ণ হওয়ায় কার্যনির্বাহি কমিটি বিলুপ্ত হচ্ছে। ২০১৭-২০১৮ ইং সালের জন্য নবনির্বাচিত কার্যকরী পরিষদকে দায়িত্ব পালন করার জন্য আহ্বান জানাচ্ছি।

সম্মানিত সুধীবৃন্দ

আপনাদের মূল্যবান সময় আমাদেরকে প্রদানের জন্য আপনাদের নিকট কৃতজ্ঞ। ফাউন্ডেশনের সর্বোচ্চ পরিষদের পক্ষ থেকে আমি সকল সদস্য ও শুভাকাংখীদেরকে ধন্যবাদ জানাই এবং আমদেরকে যারা বিভিন্নভাবে সহযোগিতা করেছেন তাদেরকে, আগামীতে ফাউন্ডেশনের সফলতা কামনা করছি। আল্লাহ আমাদের কাজকে কবুল করুন ও কাজে সফলতা দান করুন। আসসালামু আ'লাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

মোঃ আল মামুন
সাধারণ সম্পাদক
ডা. এ আর খান ফাউন্ডেশন